



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ২৩ অক্টোবর ২০২৩

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য “তথ্য অধিকার আইন” শীর্ষক দিনব্যাপী একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ২৩ অক্টোবর ২০২৩ তারিখ প্রতিষ্ঠানের আন্তর্জাতিক সম্মেলন কক্ষে মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ও তথ্য অধিকার আইন বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর মহাপরিচালক। তথ্য কমিশনের সদস্য হিসেবে কাজ করার অভিজ্ঞতার আলোকে তথ্য অধিকার আইন ২০০৯ এর বিভিন্ন প্রায়োগিক দিক এবং তথ্য অধিকার আইনের উপযোগিতা সম্পর্কে আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সাদেকা হালিম; তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে আলোচনা করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব (সংসদ) জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসউদ; তথ্য অধিকার আইনের প্রেক্ষাপট বিষয়ে আলোচনা করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) জনাব মোঃ আমিনুল ইসলাম; তথ্য অধিকার আইনের লক্ষ্য ও উদ্দেশ্য এ বিষয়ে আলোচনা করেন উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ সাইফুল ইসলাম এবং তথ্যের ক্যাটেগরি ও ক্যাটালগ, কোন কোন ক্ষেত্রে তথ্য প্রদান বাধ্যতামূলক নয় এ বিষয়ে আলোচনা করেন উপপরিচালক (প্রকাশনা, প্রচার, তথ্য ও জনসংযোগ) জনাব মোঃ আবদুল কাদের। প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



‘তথ্য অধিকার আইন’ শীর্ষক দিনব্যাপী একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির একাংশ

স্বাক্ষরিত/-
২৩/১০/২০২৩
(মোঃ আবদুল কাদের)
উপপরিচালক (প্রকাশনা, প্রচার, তথ্য ও জনসংযোগ)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
ফোন: ০২-৫৫১৩০১১৪
ই-মেইল: abdulkader789@gmail.com